

প্রেস বিজ্ঞপ্তি
তারিখ: ২৫ অক্টোবর, ২০১৯

নুসরাত জাহান রাফি হত্যা মামলার রায়ে সন্তোষ প্রকাশ করে কর্মজীবী নারী'র বিবৃতি

মাদ্রাসা ছাত্রী নুসরাত জাহান রাফি হত্যা মামলার রায়ে সন্তোষ প্রকাশ করে কর্মজীবী নারী'র প্রতিষ্ঠাতা-সভাপতি শিরীন আখতার এমপি, সভাপতি ড. প্রতিমা পাল মজুমদার ও সাধারণ সম্পাদিকা শারমিন কবীর এক বিবৃতিতে বলেন, নুসরাতকে আগুনে পুড়িয়ে নির্মম হত্যাকাণ্ডের ঘটনা আমাদের ব্যথিত, আহত ও ক্ষুণ্ণ করেছে। নুসরাতের পাশাপাশি একের পর এক নারী ও শিশু নির্যাতনের ঘটনায় সকলে উদ্বিগ্ন। গতকাল (২৪ অক্টোবর ২০১৯) নুসরাত হত্যা মামলার রায় হয়েছে। এই রায়ে প্রধান হোতা অধ্যক্ষ সিরাজসহ ১৬ আসামির ফাঁসির রায় ঘোষণায় নেতৃবৃন্দ সরকারকে অভিনন্দন জানান এবং বলেন, এই রায় দেশে নারী ও শিশু নির্যাতন বন্ধে একটি দ্রষ্টান্ত রাখবে এবং অপরাধীদের অপরাধ দমনে ও ক্ষমতার অপব্যবহার রোধে একটি ঐতিহাসিক ভূমিকা রাখবে। নেতৃবৃন্দ সকারের কাছে আহ্বান জানান সকল আইনি প্রক্রিয়ার মাধ্যমে রায় কার্যকর করে নারী ও শিশুর প্রতি নির্যাতন বন্ধে নজীর স্থাপন করার।

বার্তা প্রেরক
রোকেয়া রফিক
নির্বাহী পরিচালক
কর্মজীবী নারী